**Bangladesh**

هيئة تنظيم سوق العمل

Labour Market Regulatory Authority

# প্রবাসী কর্মীর গাইড

সংস্করণ ৪.০

## প্রবাসী কর্মীর জন্য LMRA প্রদত্ত সেবাসমূহঃ

- নতুন ওয়ার্ক ভিসা প্রদান, নবায়ন এবং এক নিয়োগকর্তা হতে অন্য নিয়োগকর্তার অধীনে চাকুরী পরিবর্তন;
- প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের এন্ট্রি ভিসা, রেসিডেন্স পারমিট এবং মাল্টিপল্ এন্ট্রি ভিসা প্রদান এবং পরিচয় পত্র সংক্রান্ত বিষয় সমন্বয়;
- স্বাস্থ্য মন্ত্রনালয়ের সাথে সমন্বয়ের মাধ্যমে প্রবাসী কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন এবং ফিটনেস সার্টিফিকেট প্রদান;

## গুরুত্বপূর্ণ তথ্যসমূহঃ

### বাহরাইন আগমনের পূর্বে করণীয়ঃ

১. LMRA-এর ওয়েবসাইটে (www.lmra.bh) গিয়ে (http://portal.lmra.bh/english/express_services) এর নির্ধারিত ঘরে আপনার ওয়ার্ক ভিসা নম্বর এন্ট্রি করে ভিসা সঠিক কিনা তা যাচাই করুন ।

- আপনি আগে বাহরাইনে কাজ করে থাকলে নতুন ভিসার জন্য আবেদনের আগে দয়া করে আপনার পুরাতন সি.পি.আর. নতুন নিয়োগকর্তার নিকট জমা দিন ।




২. যাত্রাকালে নিম্নবর্ণিত কাগজপত্র অবশ্যই সাথে রাখুনঃ

- অন্ততঃ ছয় মাস মেয়াদ সম্পন্ন পাসপোর্ট এবং পাসপোর্টের অতিরিক্ত ২টি কপি;
- LMRA ইস্যুকৃত ওয়ার্ক ভিসা;
- নিয়োগকর্তার সাথে সম্পাদিত চুক্তি;
- ড্রাইভিং লাইসেন্স (যদি থাকে);
- শিক্ষা ও পেশাগত যোগ্যতার সার্টিফিকেট(যদি থাকে);
- নিকাহনামা/বিবাহ সম্পর্কিত দলিলপত্র (পরিবারসহ গমনের ক্ষেত্রে);

৩. বাংলাদেশে শুধুমাত্র অনুমোদিত মেডিকেল সেন্টারে চেক-আপ করুন । অনুমোদিত মেডিকেল সেন্টারের তালিকা দেখতে ভিজিট করুন: http://portal.lmra.bh/english/clinics/index

### বাহরাইনে পৌছার পর করণীয়ঃ

বাহরাইন এয়ারপোর্টে পৌঁছে প্রথমেই সেখানকার LMRA কাউন্টারে পাসপোর্ট ও ওয়ার্ক ভিসা দেখিয়ে আই.ডি. কার্ড ও রেসিডেন্স পারমিট গ্রহণ করুন এবং মেডিকেল টেষ্টের সময় জেনে নিন । এ সময় সেখানে আপনার ছবি, আঙ্গুলের ছাপ ও স্বাক্ষর দিবেন ।

কোন কারণে এয়ারপোর্টে ছবি, আঙ্গুলের ছাপ অথবা স্বাক্ষর প্রদান করা না গেলে বাহরাইনে পৌছার এক মাসের মধ্যে LMRA-তে উপস্থিত হয়ে এগুলো প্রদান করতে হবে ।

চাকুরী পরিবর্তনের ক্ষেত্রে নির্ধারিত ফরম পূরণ করে সি.পি.আর.-সহ তা জমা দিতে হবে ।

পাসপোর্ট আপনার নিজের দখলে রাখুন । অন্য কাউকে এটি দেবেন না । তবে আপনি সম্পূর্ণ রাজী হলে এটি শুধুমাত্র নিয়োগকর্তার কাছে রাখতে পারেন ।

আপনার পরিবারের সদস্য আপনার সাথে অথবা আপনার আগমনের পর বাহরাইনে আসতে পারবেন ।

### বাহরাইনে প্রবেশের পর করণীয়ঃ

বাহরাইনে বৈধভাবে থাকার জন্য দয়া করে নিচের নির্দেশনাসমূহ মেনে চলুন ঃ

১. চুক্তিতে যে কাজের কথা বলা আছে সেটির বাইরে অন্য কোন কাজ করবেন না ।
২. যে নিয়োগকর্তার অধীনে যে কর্মস্থলে যে ধরনের কাজ করার জন্য আপনাকে ওয়ার্ক পারমিট দেয়া হয়েছে শুধুমাত্র সেখানে অথবা তাঁর অধীনে অন্য কোন কর্মক্ষেত্রে একই ধরনের কাজ করুন ।
৩. LMRA কর্মকর্তাগণকে তাঁদের কাজে সহযোগিতা করুন ।
৪. চুক্তি অনুসারে নিয়োগের সকল শর্ত মেনে চলুন ।
৫. আপনি নিয়োগকর্তা পরিবর্তনের জন্য আবেদন করার পর আপনার বর্তমান নিয়োগকর্তা আর আপনার ভিসা নবায়ন করতে পারবেন না ।
৬. ওয়ার্ক ভিসা প্রাপ্তি বা নবায়ন বা নিয়োগকর্তা পরিবর্তনের জন্য কাউকে কোন অর্থ প্রদান করবেন না ।
৭. বাহরাইনের সকল আইন মেনে চলুন এবং এদেশের সংস্কৃতি এবং লোকাচারের প্রতি শ্রদ্ধাশীল হোন ।
৮. নিয়োগকর্তার অনুমতি বা আইনসঙ্গত কারন ছাড়া একাধারে ১৫ দিনের বেশী সময় কাজে অনুপস্থিত থাকবেন না ।
৯. নিয়োগকর্তার সাথে বিবাদের ক্ষেত্রে বিচার ও ইসলামিক আইন মন্ত্রনালয়ের শ্রম আদালতের সাহায্য নিন ।
১০. আপনি মোবাইল ফোন ব্যবহার করে যে কোন সময় আপনার ভিসার বৈধতা সম্পর্কে জানতে পারেন । মোবাইলের মেসেজ অপসনে গিয়ে লিখুন CPR, একটি স্পেস দিন এবং আপনার CPR নম্বর লিখুন এবং Send করুন ঃ

Batelco মোবাইলের ক্ষেত্রে ৯০১৬৮
Zain মোবাইলের ক্ষেত্রে ৭৭০৭০
Viva মোবাইলের ক্ষেত্রে ৯৮৬৯০

### প্রবাসী পোর্টাল ঃ

LMRA-র প্রবাসী পোর্টাল ব্যবহার করে আপনার ওয়ার্ক ভিসার বৈধতা সম্পর্কে জানতে পারেন । সেজন্য https://www.lmra.bh/expatportal/login.php -এ লগঅন করুন এবং CPR নম্বর ও পাসপোর্টের মেয়াদ শেষ হওয়ার তারিখ ব্যবহার করুন ।



বাহরাইনে পৌছার ৩০ দিনের মধ্যে মেডিকেল পরীক্ষা সম্পন্ন করুন ।

### এক নিয়োগকর্তা হতে অন্য নিয়োগকর্তার অধীনে চাকুরী পরিবর্তনের ক্ষেত্রে করণীয় ঃ

প্রবাসী কর্মীর চাকুরী পরিবর্তন করার অধিকার বাহরাইনের আইনে প্রদান করা হয়েছে । ২০০৯ সালের LMRA সংক্রান্ত আইনের ৭৯ নং সিদ্ধান্তে মোবিলিটি (চাকুরী পরিবর্তন) এর প্রক্রিয়া বলা আছে, যা নিম্নরূপঃ

১- বর্তমান নিয়োগকর্তার সম্মতি ছাড়া চাকুরী পরিবর্তনের ক্ষেত্রে ঃ

- চাকুরী পরিবর্তনের পূর্বে কমপক্ষে এক বছর পুরাতন নিয়োগকর্তার সাথে কাজ করতে হবে ।
- চুক্তির শর্ত অনুযায়ী নির্ধারিত সময় পূর্বে (যা তিন মাসের বেশী নয়) পুরাতন নিয়োগকর্তাকে রেজিষ্ট্রার্ড ডাকযোগে চাকুরী পরিবর্তনের ইচ্ছা জানাতে হবে ।
- এরপর নতুন নিয়োগকর্তার মাধ্যমে চাকুরী পরিবর্তন সংক্রান্ত আবেদন করতে হবে এবং LMRA-তে তা ফলো-আপ করতে হবে ।

২- বর্তমান নিয়োগকর্তার সম্মতিতে চাকুরী পরিবর্তনের ক্ষেত্রে ঃ

- বর্তমান ও নতুন নিয়োগকর্তার সম্মতিতে নতুন নিয়োগকর্তা LMRA-তে মোবিলিটি (চাকুরী পরিবর্তন)-এর আবেদন করবেন ।
- LMRA-র অনলাইন সিস্টেমে বর্তমান নিয়োগকর্তা সম্মতি প্রদান করলে এবং নতুন নিয়োগকর্তা প্রয়োজনীয় ফি জমা দিলে প্রবাসী কর্মীর চাকুরী নতুন নিয়োগকর্তার নামে পরিবর্তন হবে ।

৩- ওয়ার্ক ভিসার মেয়াদ শেষে বা অন্য কোন কারনে চাকুরী পরিবর্তনের ক্ষেত্রে ঃ

- ওয়ার্ক ভিসা শেষ হওয়ার ৩০ দিন আগে অথবা ভিসা বাতিল করে দেয়ার খবর জানার ৫ দিনের মধ্যে ব্যক্তিগতভাবে খগজঅ-তে হাজির হয়ে আপনার ইচ্ছা জানাতে হবে ।
- নিয়োগকর্তা পরিবর্তনের জন্য আপনি ৩০দিন সময় পাবেন । এ সময় আপনি কারও অধীনে কাজ করতে পারবেন না ।

### LMRA -র সাথে যোগাযোগ করুনঃ

যোগাযোগের জন্য আপনার মোবাইল নম্বর ও ই-মেইল https://www.lmra.bh/expatportal/login.php -এ দাখিল করুন অথবা আমাদের Client Service Department -এ ব্যক্তিগতভাবে আসুন অথবা ১৭৫০৬০৫৫ নম্বরে ফোন করুন অথবা বাংলাদেশ দূতবাসে যোগাযোগ করুন ।

আমাদের সার্ভিসসমূহ দেখার জন্য http://portal.lmra.bh/english/page/show/105 ভিজিট করুন ।

আরও তথ্যের জন্য ১৭৫০৬০৫৫ নম্বরে ফোন করুন অথবা ভিজিট করুন www.lmra.bh.